

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

জরুরি প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

ছাত্র-ছাত্রীদের ৬ টি আবাসিক হল নির্মাণের ঘটনাকে কেন্দ্র করে প্রকাশিত-প্রচারিত মিথ্যা-কল্পিত অভিযোগের তীব্র প্রতিবাদ ॥ এ ধরনের অভিযোগ নির্মাণ কাজ বিলম্বিত অথবা বন্ধ করার অপকৌশল ॥ আগে শিক্ষা-গবেষণা ও শিক্ষার্থীদের আবাসন সমস্যার সমাধান ॥ কোমলমতি শিক্ষার্থীদের দ্রুত আবাসন সংকট সমাধানে সহায়তা কামনা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ আগস্ট ২০১৯।

সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়নের আওতায় ছাত্র-ছাত্রীদের ৬ টি আবাসিক হল নির্মাণের ঘটনাকে কেন্দ্র করে কারো কারো উত্থাপিত এবং বিভিন্ন গণ-মাধ্যমে প্রকাশিত-প্রচারিত বিশ্ববিদ্যালয়ের প্রাণ-প্রকৃতি ধ্বংস এবং আর্থিক লেনদেন সম্পর্কিত মিথ্যা-কল্পিত অভিযোগের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কর্তৃপক্ষ মনে করেন, এ ধরনের অভিযোগ উত্থাপন করে নির্মাণ কাজে বিলম্বিত অথবা বন্ধ করার অপকৌশল ছাড়া আর কিছুই নয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ মিথ্যা-কল্পিত অভিযোগের তীব্র প্রতিবাদ জানাচ্ছে। মনে রাখা প্রয়োজন যে, আগে শিক্ষা-গবেষণা ও শিক্ষার্থীদের আবাসন সমস্যার সমাধান করতে হবে। আবাসন সমস্যার কারণে সৃষ্ট ‘গণ রুম’ সমস্যা দূর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরপরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণ-প্রকৃতি রক্ষার দাবিকেও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। অপ্রয়োজনে একটি গাছের ডালও কাটা হবে না।

উল্লেখ্য যে, অধিকতর উন্নয়নের আওতায় ৬টি হল নির্মাণের বিষয়টি ‘একনেক’ কর্তৃক অনুমোদিত। ‘একনেক’ এ অনুমোদিত ও চূড়ান্তকৃত প্রকল্পের বিরোধিতা করা অথবা এতদ্ সম্পর্কে বিভ্রান্তি ছড়ানো মোটেই সমীচীন নয়। এ অবস্থায় কর্তৃপক্ষ আশা করছেন সংশ্লিষ্ট সকল মহলের শুভ বুদ্ধির উদয় হবে এবং যৌক্তিক আচরণ করবেন। সবাই কোমলমতি শিক্ষার্থীদের দ্রুত আবাসন সংকট সমাধানে সহায়তা করবেন বলে কর্তৃপক্ষ আশা করছেন।

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ অফিস